

া নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

(১৪) ইসলাম শব্দটি যখন এককভাবে ব্যবহৃত হবে, তখন দ্বীনের সকল স্তরকে অন্তর্ভূক্ত করার দলীল কী?

এ ব্যাপারে অনেক দলীল রয়েছে। আল্লাহ তা'আলা বলেনঃ

''আল্লাহর নিকট ইসলাম হচ্ছে একমাত্র মনোনীত দ্বীন''। (আল-ইমরানঃ ১৯) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

''গরীব অবস্থায় ইসলামের সূচনা হয়েছে। আর অচিরেই যেভাবে তার সূচনা হয়েছিল, সে রকম গরীব[1] অবস্থায় ফেরত আসবে''।[2] রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরো বলেনঃ

''ইসলামের সর্বোত্তম কাজ হচ্ছে, আল্লাহর প্রতি ঈমান আনয়ন করা"।[3]

ফুটনোট

[1] - আলেমগণ গরীব শব্দের বিভিন্ন ব্যাখ্যা করেছেন। নিম্নে কয়েকটি উক্তি তুলে ধরা হলঃ ১) ইসলাম প্রথমে মদীনা থেকে বিস্তার লাভ করেছে। কিয়ামতের পূর্বে আবার মদীনায় ফেরত যাবে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

''সাপ যেমন তার গর্তে আশ্রয় নেয় ঈমানও ঠিক সেভাবে (শেষ যামানায়) মদীনায় আশ্রয় নিবে''। বুখারী, অধ্যায়ঃ কিতাবুল হজ্জ।

- ২) অল্প কয়েকজন লোকের মাধ্যমে ইসলামের সূচনা হয়েছে। কিয়ামতের পূর্বে আবার ইসলামের অনুসারীর সংখ্যা কমে পূর্বের ন্যায় হয়ে যাবে। (1/32 تأويل مختلف الحديث
- ৩) ইসলামের প্রথম যুগে অল্প কয়েকজন লোকের ভিতরে ইসলাম অপরিচিত অবস্থায় ছিল। কিয়ামতের পূর্বে আবার ইসলাম সে অবস্থায় ফেরত যাবে।



- [2]- সহীহ মুসলিম, অধ্যায়ঃ কিতাবুল ঈমান, ইবনে মাজাহ, অধ্যায়ঃ কিতাবুল ফিতান।
- [3] মুসনাদে আহমাদ (8/**১১**8) ৷
- Source https://www.hadithbd.com/books/link/?id=2031

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন